

পত্র সংখ্যা : ০৩.৪৫১.২৬৯০.০৪৬.০০৭.০৩.২০২০-৩৫.

তারিখ : ০১ চৈত্র ১৪২৯  
১৫ মার্চ ২০২৩

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) উচ্চ শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি

বিষয় : বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি-২০২৩ এর আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নধীন 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সহায়তা প্রদানের লক্ষ্যে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়/সমতুল্য পর্যায়ে অধ্যয়নরত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে (ওয়েব পোর্টাল ঠিকানা: [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd)):

## আবেদনের শর্তাবলী :

- ১। আবেদনকারী শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত নাগরিক হতে হবে। এক্ষেত্রে আবেদনকারী পার্বত্য চট্টগ্রাম ব্যতীত (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) অন্য যে কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে পারেন;
- ২। আবেদনকারী শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- ৩। কেবল ২০১২ খ্রি. ও তার পরবর্তীতে এসএসসি/সমমানের পাসকৃতরাই এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- ৪। কোন ধরনের সরকারি চাকরিতে কর্মরত কেউ আবেদন করতে পারবে না;
- ৫। কোন তফসিলি ব্যাংকে আবেদনকারীর নিজ নামে একটি সঞ্চয়ী হিসাব নম্বর (কমপক্ষে ১৩ ডিজিটের) থাকতে হবে এবং এ সঞ্চয়ী হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংকের শাখার রাউটিং নম্বর (routing number) অনলাইনে আবেদনের যথাস্থানে প্রদান করতে হবে;
- ৬। অনলাইনে আবেদন ফরমে প্রয়োজনীয় সকল তথ্যাদি যথাযথভাবে প্রদান করতে হবে। আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বোর্ডের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাই করে নেয়া হবে;
- ৭। আবেদনকারীকে আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০/০৪/২০২৩ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd)-এ ওয়েব পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে না। অনলাইনে আবেদনের পর আবেদনকারী একটি ১২ ডিজিটের ইউনিক ইউজার আইডি ও ৬ ডিজিটের পাসওয়ার্ড পাবেন। আবেদনটি যথাযথভাবে দাখিল হলে আবেদনকারী কর্তৃক আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে একটি স্বয়ংক্রিয় এসএমএস-এর মাধ্যমে তা নিশ্চিত করা হবে। মেধাক্রমের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীর আবেদনে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। এক্ষেত্রেও আবেদনকারীকে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে;
- ৮। অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নিয়মাবলী ও প্রয়োজনীয় সকল তথ্য [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd) ওয়েব পোর্টালে পাওয়া যাবে;
- ৯। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট/কাগজপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে:  
ক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইস্যুকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরমেটে);  
খ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত পরিচয়পত্র/প্রত্যয়নপত্র;  
গ) আবেদনকারীর নিজ নামের ব্যাংকের চেক বইয়ের প্রথম পাতার (cover page) স্ক্যান কপি।

১৫/০৩/২০২৩

(মোঃ এহতেশাম রেজা)

পরিচালক (নির্বাহী সেল)

ফোন : +৮৮-০২-৫৫০২৯৬১১

ই-মেইল : [admrezaehtasham@gmail.com](mailto:admrezaehtasham@gmail.com)